দৈনিক সংবাদ

তারিখ APR 1 7 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

117

খুটামারা হরিশ্চন্দ্র পাঠ প্রাইমারি স্কুল

# ফতোয়া কার্যকর না করায় স্কুলে তালা

নীলফামারী থেকে জেলা বার্তা পরিবেশক ঃ মৌলবাদী চক্রের দেয়া ফতোয়া কার্যকর না করার শাস্তি হিসেবে একটি স্কুল বন্ধ করে দেয়া হয়েছে। গত ১২ই এপ্রিল স্কুলটিতে তালা লাগিয়ে দেয়া হয়। ফতোয়া দেয়া হয়েছে স্কুলটির এক শিক্ষিকার বিরুদ্ধে। এটি ঘটেছে জেলার জলঢাকা থানার খুটামারা ইউনিয়নের হরিশ্চন্দ্র পাঠ গ্রামের প্রাইমারি স্কুলে।

এনজিও 'গণসাহায্য সংস্থা' পরিচালিত প্রাইমারি স্কুলটির শিক্ষিকা হচ্ছেন পারুল বেগম (২২)। তিনি গত ঈদের ছুটিতে নিজের পছন্দমত ওই গ্রামেরই রশিদুল ইসলাম (২৭) নামে এক যুবককে বিয়ে করেন। এ বিয়েকে ফতোয়াবাজ একটি প্রভাবশালী মহল অবৈধ হিসেবে ঘোষণা করে স্কুল থেকে উক্ত শিক্ষিকাকে বহিষ্কারের দাবি জানায়। তাদের মতে পারুল বেগম গুনাহ্ করেছেন।

ঈদের ছুটির পর গত ১০ই এপ্রিল স্কুল খোলে; কিন্তু শিক্ষিকাকে চাকরিচ্যুত না করায় দু'দিন অপেক্ষা করে গত ১২ই এপ্রিল ফতোয়াবাজ চক্র স্কুলে তালা লাগিয়ে বন্ধ করে দিয়েছে। ফলে স্কুলটির ১শ' ৮০ জন ছাত্রছাত্রীর লেখাপড়া বন্ধ হয়ে গেছে।